**ALL INDIA RADIO, SILCHAR**

******************

## **EVENING BULLETIN : BENGALI**

## **Date: - 11-06-2024**

***Time: 19:45-19:55 Hrs***

---

(১) কেন্দ্রীয় মন্ত্রীসভার নতুন মন্ত্রীদের আজ কার্যভার গ্রহণ/ সংসদীয় ও সংখ্যালঘু পরিক্রমা দপ্তরের মন্ত্রী কিরেণ রিজিজু'র কার্যভার গ্রহণ করে সরকার অথবা বিরোধী- সবাইকেই জনাদেশের প্রতি সম্মান জানানো উচিত বলে মন্তব্য/

(২) সামুদ্রিক ক্ষেত্রকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে মনোনিবেশ করবেন বলে বন্দর, জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রণালয়ের কার্যভার গ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের প্রকাশ/

(৩) আগামী ২১ জুন অনুষ্ঠেয় দশম আর্ন্তজাতিক যোগ দিবসের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যোগকে নিজের জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গড়ে তোলার জন্য সকলের প্রতি আহ্বান/

এবং

(৪) সুপ্রীম কোর্টের মেডিকেলে ভর্তি ও কাউন্সেলিং প্রক্রিয়ায় স্থগিতাদেশ জারী করতে অসম্মতি প্রকাশ/ বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগের আগামী শিক্ষাবর্ষ থেকে বছরে দুবার ছাত্রভর্তির সিদ্ধান্ত/

---

নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বেশকয়েকজন মন্ত্রী আজ কার্যভার গ্রহণ করেছেন । এদের মধ্যে রয়েছেন- কিরেণ রিজিজু-সংসদীয় ও সংখ্যালঘু পরিক্রমা মন্ত্রী, অশ্বিনী বৈষ্ণৈ-তথ্য ও সম্প্রচার মন্ত্রী, ডঃ এস জয়শঙ্কর- পররাষ্ট্র মন্ত্রী, জে পি নাড্ডা- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী, শিবরাজ সিং চৌহান- কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী, হরদীপ সিং পুরী- পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী, গজেন্দ্র সিং শেখাওয়াত- সাংস্কৃতিক পরিক্রমা মন্ত্রী, জীতেনরাম মাঝি- সূক্ষ্ম, ক্ষুদ্র ও মাঝারি শিল্প দপ্তরের মন্ত্রী, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া- যোগাযোগ মন্ত্রী, ভূপেন যাদব- পরিবেশ মন্ত্রী, মনোহর লাল-শক্তি মন্ত্রী, গিরিরাজ সিং- বস্ত্র মন্ত্রী, চিরাগ পাশোয়ান- খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রী, সি আর পাটিল- জলশক্তি মন্ত্রী, ডঃ জীতেন্দ্র সিং- কর্মচারী ও প্রশিক্ষণ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী, অর্জুনরাম মেঘাওয়াল- আইন ও ন্যায় দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ছাড়াও বাকি প্রতিমন্ত্রীদের মধ্যে-দক্ষতা বিকাশ ও উদ্যমশীলতা বিভাগের- জয়ন্ত চৌধুরী, প্রতিরক্ষা দপ্তরের- সঞ্জয় শেঠ, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের সুরেশ গোপী, বস্ত্র বিভাগের পবিত্র মার্ঘারিটা, স্বাস্থ্য বিভাগের- অনুপ্রিয়া প্যাটেল ও যাদব প্রতাপ গণপত রায় এবং তথ্য ও সম্প্রচার দপ্তরের ডঃ এল. মুরুগান ।

আজ কার্যভার গ্রহণ করে পররাষ্ট্র মন্ত্রী এস. জয়শঙ্কর বলেন যে- তিনি ভারতের সীমান্ত এলাকায় সংঘটিত সন্ত্রাসবাদের সমাধান চান । অনুরূপভাবে সংসদীয় এবং সংখ্যালঘু পরিক্রমা দপ্তরের দায়িত্ব গ্রহণ করে মন্ত্রী কিরেণ রিজিজু সব রাজনৈতিক দল এবং লোকসভা ও রাজ্যসভার সদস্যদের সহযোগিতা কামনা করেন । তিনি বলেন যে- সংসদে ভবিষ্যত কর্মপন্থা নিয়ে আলাপ আলোচনা হয় । এবং দেশের প্রতি সেবাই সকল সদস্যের মূল উদ্দেশ্য । শ্রী রিজিজু বলেছেন যে- তিনি অর্জুনরাম মেঘাওয়াল এবং আর এল মুরুগানের সঙ্গে ‘সব কা সাথ, সব কা বিকাশ’ নীতিকে এগিয়ে নিয়ে যাবেন । সরকার অথবা বিরোধী- সবাইকেই জনাদেশের প্রতি সম্মান জানানো উচিত বলে তিনি মন্তব্য করেছেন ।

এদিকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ কার্যভার গ্রহণ করার পর সাংবাদিকদের সঙ্গে হওয়া কথাবার্তায় বলেন যে- জনসাধারণ প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদীকে দেশের সেবা করার সুযোগ প্রদান করেছে । তিনি বলেন যে- বিগত দশ বছরে শ্রী মোদী জনসাধারণের জীবনে আমূল পরিবর্তন আনতে সমর্থ হয়েছেন । এবং দেশের অর্থ ব্যবস্থাকে একাদশ স্থান থেকে পঞ্চম স্থানে নিয়ে আসার ক্ষেত্রে সহায়তা করেছেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেছেন যে বন্দর , জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রনালয় 'সামুদ্রিক অমৃতকাল ভিশন ২০৪৭'এর মাধ্যমে সমুদ্র ক্ষেত্রের সামগ্রিক বিকাশ ও এই ক্ষেত্রকে শক্তিশালী করার জন্য কাজ করে যাবে ।গতকাল নতুনদিল্লীতে বন্দর জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রনালয়ের কার্যভার গ্রহণ করে শ্রী সনোয়াল তাঁর কার্যালয়ের আধিকারীক কর্মচারীদের সম্বোধন করে একথা বলেন ।শ্রী সনোয়াল বিকশিত ভারতের লক্ষ্য পূরণের জন্য দেশের সেবা করার প্রতিশ্রুতি পালন করে ভালো কাজ করার পরম্পরা অব্যাহত রাখার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------

নবনির্বাচিত কংগ্রেস সাংসদ রকিবুল হুসেন আজ বিধায়ক পদ ত্যাগ করেছেন ।আসাম বিধানসভার সেন্ট্রেল হলে আয়োজিত এক অনুষ্ঠানে সাংসদ শ্রী হুসেন আগামীদিনে রাজ্যের সেবায় বিধান পরিষদিয় দলের সতীর্থদের সহযোগিতা কামনা করেন ।

---------------------------------------------------------------------------

পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ বিভাগের সঙ্গে চুক্তিবদ্ধ কর্মচারী পরিষদের প্রতিনিধিদের সঙ্গে এক সভায় মিলিত হয়ে তাদের বিভিন্ন দাবী সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ।সভায় কর্মচারীদের বেতন বৃদ্ধি , প্রভিডেন্ট ফান্ডের সুবিধা সহ অন্যান্য সুযোগসুবিধা প্রদান সহ তাঁদের কার্যকাল ৬০ বছর পর্যন্ত নিয়মিত করা ইত্যাদি বিষয় সম্পর্কে সরকার গুরুত্ব সহকারে বিবেচনা করছে বলে শ্রী দাস জানান ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে যোগ হচ্ছে একতা ও সমন্বয় উদযাপন করা শাশ্বত অনুশীলন ।আগামী ২১ শে জুন দশম আন্তর্জাতিক যোগ দিবস

এগিয়ে আসার পরিপ্রেক্ষিতে সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী একথা বলেন ।বিবিধ সংস্কৃতি এবং ভৌগলিক বৈচিত্র্যের মধ্যে সংযোগ স্থাপনের ক্ষেত্রে যোগের উল্লেখযোগ্য ক্ষমতার বিষয়ে আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে যোগ সামুহিক কল্যাণের জন্য সমগ্র বিশ্বের কয়েক লক্ষ লোককে একত্রিত করেছে ।শ্রী মোদী বলেন যোগকে সবার জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া সহ অন্যদেরকেও এই বিষয়ে উৎসাহিত করা উচিৎ । যোগ শান্তি প্রদান করা সহ ধৈয্য সহকারে জীবনের প্রত্যাহ্বানগুলো মোকাবিলা করার ক্ষেত্রে সহায়তা করে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।সামাজিক মাধ্যমে ভিডিও পোষ্ট করে তিনি বিভিন্ন আসন ও এগুলির সুবিধা সম্পর্কে পরামর্শ দেন । এই ভিডিওগুলো জনসাধারণকে নিয়মিত যোগাভ্যাস করতে অনুপ্রাণিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের আইন ও ন্যায় মন্ত্রনালয় আজ গুয়াহাটী হাইকোর্টের দুজন অতিরিক্ত বিচারপতি সুস্মিতা ফুকন খাউন্ড ও মিতালি ঠাকুরীয়াকে বিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করেছে । সুপ্রীম কোর্টের কলেজিয়ামের অনুমোদনের ভিত্তিতে আজ ন্যায় মন্ত্রনালয় শ্রীমতি খাউন্ড ও শ্রীমতি ঠাকুরীয়াকে বিচারপতি হিসেবে নিযূক্তি প্রদান করেছে ।উল্লেখ্য গুয়াহাটী হাইকোর্টে অনুমোদিত ৩০ টি পদের বিপরীতে ২৪ জন ন্যায়াধীশ কার্য নির্বাহ করছেন ।

---------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের ভর্তি ও কাউন্সেলিং প্রক্রিয়ায় স্থগিতাদেশ দিতে অস্বীকার করেছে । গত ৫ ই মে অনুষ্ঠিত নীট-ইউ জি পরীক্ষা বাতিল করতে চেয়ে করা আবেদন সম্পর্কে জাতীয় পরীক্ষণ সংস্থা-এন টি এ’র কাছ থেকে আদালত জবাব চেয়েছে । এই বিষয়টি সহ অন্য একটি আবেদন সম্পর্কে আগামী আটই জুলাই শুনানি গ্রহণ করা হবে । উল্লেখ্য- পরীক্ষার সঙ্গে জড়িত অসৎ কাজ এবং জালিয়াতির অভিযোগ করে এসবের পুঙ্খানুপুঙ্খ তদন্তের জন্যে নীটে’এর ছাত্রছাত্রী এবং অন্যান্য সংগঠন দাবী উত্থাপন করেছিল ।

---

বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ আগামী শিক্ষাবর্ষ থেকে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান সমুহকে বছরে দুবার করে নামভর্তি করার অনুমতি প্রদান করার ক্ষেত্রে এক বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করেছে ।বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগের নিয়ম অনুসারে বর্তমানে বছরে একবারই শিক্ষার্থীদের নামভর্তি করার ব্যবস্থা রয়েছে ।আয়োগের অধ্যক্ষ মামিডালা জগদেশ কুমার বলেছেন যে শিক্ষা পরিষদের ফলাফল ঘোষণায় বিলম্ব , শারিরীক অসুস্থতা বা অন্যান্য ব্যক্তিগত কারণে নির্দিষ্ট সময়ে নামভর্তি থেকে বঞ্চিত শিক্ষার্থীরা এই নতুন নীতির ফলে উপকৃত হবে এবং তাদেরকে পুনরায় নামভর্তির জন্য একবছর অপেক্ষা করতে হবেনা । তিনি আরো বলেন যে বছরে দুবার করে বিশ্ববিদ্যালয়ে নামভর্তির সুযোগ শিক্ষার্থীদের উৎসাহ বজায় রাখার ক্ষেত্রে সহায়তা করবে ।

---

যক্ষা রোগ নিবারণের লক্ষ্যে আজ থেকে রাজ্যের বিভিন্ন জেলায় বি সি জি প্রতিষেক প্রদান কার্যসূচী শুরু হয়েছে ।উল্লেখ্য যক্ষা নিবারণ শাখা ২০২১ সাল থেকে দেশে এই রোগ নিরাময়ের জন্য প্রতিষেধক প্রদান করার ব্যবস্থা শুরু করেছে ।বিশেষ কারণে বাঁ হাতে টিকা নেওয়া থেকে বাদপড়া লোকেদের এই অভিযানে অন্তর্ভুক্ত করা হবে ।প্রাপ্তবয়স্ক যেকোন সুস্থ ব্যক্তি এই বিনামূল্যের বিসিজি প্রতিষেধক নিতে পারবেন ।ভারত সরকারের পাইলট প্রকল্পের অধীনে আজ শিবসাগর জেলায় বিসিজি প্রতিষেধক প্রদান কার্যসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ।এই অভিযানের অধীনে জেলার মোট এক লক্ষ ৫২ হাজার ৮৫৩ জন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হয়েছে ।

---

আসামের মুখ্য সচিব রবি কোটা জনস্বাস্থ্য কারিগরি বিভাগ, জলজীবন মিশনের আধিকারিক ও বেশকয়েকটি জেলার আয়ুক্তদের উপস্থিতিতে রাজ্যে জলজীবন মিশন ও এরসঙ্গে সম্পর্ক থাকা পাইপযোগে জল সরবরাহ প্রকল্পগুলির অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করেছেন । গতকাল অনুষ্ঠিত এই পর্যালোচনা বৈঠকে প্রকাশ পাওয়া তথ্য অনুযায়ী- এপর্যন্ত ১৪ হাজার ১৫১ টি পাইপ যোগে জলসরবরাহ প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে । এবং এই প্রকল্পগুলির

মধ্যে ১২ হাজার ১০৯ টি প্রকল্প কর্মক্ষম করে তুলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের হাতে পরিচালনার জন্য সমঝে দেওয়া হয়েছে । জলজীবন মিশনের প্রকল্পের বিষয়ে ঘোষণার পূর্বে রাজ্যে গ্রামাঞ্চলের কেবল এক দশমিক ৬ শতাংশ পরিবারই পানীয় জলের সুবিধা পেয়েছিল । এবং বর্তমানে ৭৯ শতাংশ পরিবার এই সুবিধা লাভ করছে । পর্যালোচনা বৈঠকে এইক্ষেত্রে ধীরগতিতে কাজ চলা জেলাগুলি চলতি অর্থবছরে প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করার আশ্বাস দিয়েছে। উল্লেখ্য- মুখ্য সচিব শ্রী কোটা এইসব প্রকল্প রূপায়ণের সঙ্গে জড়িত ঠিকাদারদের কাজ নিম্নমানের হলে তাদের বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২১শে জুন আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে হাইলাকান্দি টাউন হলে সকাল সাড়ে ছটায় যোগ ব্যায়াম শিবিরের আয়োজন করা হয়েছে । জেলা উন্নয়ন আযুক্ত এলডার্ড ফারহীনের পৌরহিত্যে আজ আয়োজিত এক সভায় আগামী ২১শে জুন কাটলিছড়ায়ও অনুরূপ যোগ ব্যায়াম শিবির আয়োজনের সিদ্ধান্ত হয়েছে । এছাড়াও আজকের সভায় আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষ্যে আগামী ১৬ই জুন সকাল ৯টায় হাইলাকান্দি টাউন হলে যোগ ব্যায়াম প্রতিযোগীতা অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে ।

-----------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের এক্সপেনডিচার সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আযুক্ত এক বিজ্ঞপ্তীতে লোকসভা নির্বাচনের প্রতিদ্বন্দী প্রার্থীদের নির্বাচনী ব্যায়ের ভাউচার , এ পি আর সহ হিসাব জমা দিতে বলেছেন । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে আগামী তিন দিনের মধ্যে প্রতিদিনের নির্বাচনী ব্যয় জেলা আযুক্তের কার্য্যলয়ের নির্বাচনী এক্সপেনডিচার মনিটরিং সেলে জমা দিতে হবে ।

-----------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী ২৯শে জুলাই থেকে তেসোরা অগাষ্ট পর্য্যন্ত সুপ্রিম কোর্টের

উদ্যোগে বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে সুপ্রিম কোর্ট ও গৌহাটী হাইর্কোটের বিচারাধীন মামলা আপোষ মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি করা হবে । বিচারাধীন ব্যাক্তি যারা লোক আদালতের সমন পেয়েছেন , তাদেরকে সংশ্লিষ্ট আদালতে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------

কাছাড় জেলার সীমান্তবর্তী মণিপুরের জিরিবাম জেলায় গতকিছুদিন ধরে ভ্রাতৃঘাতী সংঘর্ষের পরিপ্রেক্ষিতে যে অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তাতে গভীর উদ্বেগ প্রকাশ করেছে এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের কাছাড় জেলা কমিটি । কমিটির পক্ষ থেকে বিগত একবছর ধরে মণিপুরে চলতে থাকা সমস্যার জন্য কেন্দ্র ও রাজ্য সরকারকে দায়ী করে জিরিবামের সাম্প্রতিক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে । তারা জিরিবাম জেলা থেকে পার্শ্ববর্তী কাছাড় জেলার জিরিঘাট, লক্ষ্মীপুর এলাকায় এসে আশ্রয় নেওয়া পরিবারগুলিকে পর্যাপ্ত ত্রাণ সাহায্য প্রদানের জন্য কাছাড়ের জেলা প্রশাসনের কাছে দাবী জানিয়েছে ।

-------------------------------------------------------------------------------